# Times Today BD

জেলা প্রতিনিধি | ময়মনসিংহ | 05 July, 2025

বিখ্যাত লাইলাতুল নির্বাচনের সরকারী কর্মকর্তারা দ্বায়িত্বে ছিলেন তাদের সবাইকে অপসারণ করা হয়েছে বলে জানিয়েছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রনালয় এবং রেলপথ মন্ত্রনালয়ের উপদেষ্টা মুহাম্মদ ফাওজুল কবির।

আজ বেলা ১২ টার দিকে জেলা প্রশাসনের হল রুমে সরকারি কর্মকর্তা ও অংশীজনের সাথে মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন।

তিনি বলেন, যারা সেই নির্বাচনে কর্মকর্তা ও আইনশৃঙ্খলা বাহিনীতে ছিলেন তাদের সবাইকে অপসারণ করা হয়েছে।সভায় সাবেক সিইসি নুরুল হুদা ও কর্মকর্তাদের পরিনতির কথা মনে করিয়ে দিয়ে এবারের নির্বাচনে দ্বায়িত্বে থাকা কর্মকর্তাদের সতর্ক করিয়ে দেন তিনি।এবারের নির্বাচন ভিন্ন হবে তাই কে জয়ী হবে আর কে জয়ী হবে না তার নির্ধারণের ভূল ধারণা থেকে বের হয়ে আসতে বলেন তিনি।

জেলা প্রশাসন, সেনাবাহিনী, বিজিবি ও আইনশৃঙ্খলা বাহিনীর কর্মকর্তারা উপস্থিত ছিলেন। দুই দিনের সফর শেষে বিকেলে রাজধানীর উদ্দেশ্য রওনা হবেন এই উপদেষ্টা।

সেনাবাহিনী নির্বাচন উপদেষ্টা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 21:39

URL: https://timestodaybd.com/public/mymensingh/4254775807